
মানহানির মামলা বাতিলের হাইকোর্টের রায় বহাল, ড. ইউনূসের পক্ষে আপিল বিভাগের রায়



প্রধান উপদেষ্টা ড. ইউনুস: সংগৃহীত ছবি

নোবেল পুরস্কারজয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে করা মানহানির মামলার কার্যক্রম স্থগিতের হাইকোর্টের আদেশ বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। রাষ্ট্রপক্ষের লিভ টু আপিল আবেদন খারিজ করে আদালত এই আদেশ দেন।

নোবেল জয়ী অর্থনীতিবিদ অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে দায়ের হওয়া মানহানির মামলার কার্যক্রম বাতিলের আদেশ বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। ২৭ জুলাই (রোববার) বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের আপিল বেঞ্চ রাষ্ট্রপক্ষের লিভ টু আপিল আবেদন খারিজ করেন।

রাষ্ট্রপক্ষে শুনানিতে অংশ নেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনীক আর হক এবং ড. ইউনূসের পক্ষে শুনানি করেন আইনজীবী তৌফিক হোসেন।

২০১০ সালে জাসদের যুগ্ম সম্পাদক ও ময়মনসিংহ জেলা বারের আইনজীবী নজরুল ইসলাম চুন্নু ড. ইউনূসের বিরুদ্ধে মানহানির অভিযোগে মামলাটি দায়ের করেছিলেন। এর আগে ২০০৭ সালের একটি সাক্ষাৎকারে দেওয়া ইউনূসের বক্তব্যকে কেন্দ্র করে এ মামলা করা হয়।

মামলাটি বাতিল চেয়ে ২০১১ সালে হাইকোর্টে আবেদন করা হলে ২০২৩ সালের ২৪ অক্টোবর বিচারপতি এ কে এম আসাদুজ্জামান ও বিচারপতি সৈয়দ এনায়েত হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ মামলাটির কার্যক্রম বাতিল করে আদেশ দেন।

পরে রাষ্ট্রপক্ষ ওই আদেশের বিরুদ্ধে লিভ টু আপিল করলে, চেম্বার আদালত সেটি শুনানির জন্য আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে পাঠায়। শুনানি শেষে আপিল বিভাগ রাষ্ট্রপক্ষের আবেদন খারিজ করে হাইকোর্টের দেওয়া আদেশ বহাল রাখে।